309

দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 20 1999
পৃষ্ঠা ৮ কলাম ৫

## রাঙ্গামাটি ফ্যাসিলিটিজ বিভাগে অনিয়ম

বিগত '৯৮-৯৯ অর্থবছরে রাঙ্গামাটি পার্বত্য জেলা ফ্যাসিলিটিজ বিভাগের আওতায় প্রায় ১শ'টি বিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ ও মেরামত কাজের জন্য প্রায় দেড় কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। নির্মাণ ও মেরামত নিয়ে ঠিকাদার, ইঞ্জিনিয়ার ও সংশ্লিষ্ট দুর্নীতিবাজ চক্রের যোগসাজশে চরম অনিয়ম ও আত্মসাতের ঘটনা ঘটেছে। অধিকাংশ প্রতিষ্ঠানে ৫%-১০% কাজ করে ফ্যাসিলিটিজ বিভাগের দুর্নীতিবাজ চক্রের সহযোগিতায় বিল পাস করে অধিকাংশ অর্থ আত্মসাত করা হয়েছে। নামমাত্র কাজ করেই বিভিন্ন মিথ্যা আশ্বাস ও প্রলোভন দিয়ে ঠিকাদাররা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে 'হ্যান্ডওভার' দিয়ে বিল পাস করে নিচ্ছে। কোন প্রতিষ্ঠান যদি ঠিকাদার ও ফ্যাসিলিটিজের দুর্নীতিবাজ কর্মচারীদের ভুয়া ও মিথ্যা প্রস্তাবে রাজি না হয়, তবে সে সব প্রতিষ্ঠানকে বিভিন্নভাবে হয়রানি ও অসহযোগিতা প্রদর্শন করা হয়। এমনকি কোন কোন প্রতিষ্ঠানের কাজ বন্ধ ও বাতিল করে দেয়া হয়। বিগত বছরে রাঙ্গামাটি সদর থানার সাপছড়ি উচ্চ বিদ্যালয় (দুই লাখ) এবং রাঙ্গামাটি সিনিয়র মাদ্রাসার (এক লাখ) মেরামত কাজ স্থগিত রাখা হয়। তা ছাড়া বেতবুনিয়া উচ্চ বিদ্যালয়ের নির্মাণ কাজ অসমাপ্ত অবস্থায় পড়ে আছে। প্রধান শিক্ষক অভিযোগ দায়ের করা সত্ত্বেও বিল উত্তোলন করার সুযোগ দেয়া হয়েছে।

ফ্যাসিলিটিজ বিভাগের নির্মাণ কাজের সঙ্গে স্থানীয় কর্তৃপক্ষের কোন নিয়ন্ত্রণ না থাকায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ১০%-এর ওপর কোন কাজ করে না। ফ্যাসিলিটিজ বিভাগের যে কোন নির্মাণ কাজের সঙ্গে নিদেনপক্ষে জেলা প্রশাসক অথবা জেলা শিক্ষা অফিসারকে সম্পৃক্ত করা একান্ত আবশ্যক।

*মিঃ শান্তিময় চাকমা*
*সভাপতি, সাপছড়ি উচ্চ বিদ্যালয়*